

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৯০

কুমারঘাট, ২ নভেম্বর, ২০২৪

১৫ নভেম্বর রাজ্যভিত্তিক ১৪৯তম বিরসা মুন্ডা জন্মজয়ন্তী

রাজ্যভিত্তিক ১৪৯তম বিরসা মুন্ডা জন্মজয়ন্তী-২০২৪ ও জনজাতি গৌরব দিবস এবছর আগামী ১৫ নভেম্বর কৈলাসহরের গোলকপুর উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আজ চন্ডিপুর ব্লকের কনফারেন্স হলে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায়ের সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস, চন্ডিপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান বিনয় সিং, বিডিও প্রসেনজিৎ মালাকার, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা বিশ্বজিৎ দেব প্রমুখ।

প্রস্তুতি সভায় ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায় বলেন, বিরসা মুন্ডার জন্মজয়ন্তীকে জনজাতীয় গৌরব দিবস হিসেবে উদযাপন করা হয়। রাজ্যে ঊনকোটি জেলায় সবচেয়ে বেশি চা বাগান রয়েছে। তারমধ্যে জেলার গোলকপুরে অনেকগুলো চা বাগান রয়েছে। তাই সবদিক বিচার করে এ বছর গোলকপুর উচ্চ বিদ্যালয় মাঠে রাজ্যভিত্তিক ১৪৯তম বিরসা মুন্ডা জন্মজয়ন্তী উদযাপন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অনুষ্ঠানে চা শ্রমিকদের ঝুমুর নৃত্য সহ তাদের সংস্কৃতিকে যাতে তুলে ধরা যায় এর ব্যবস্থা করতে হবে। প্রস্তুতি সভায় বিরসা মুন্ডার জন্মদিবসকে কেন্দ্র করে রাজ্যভিত্তিক জনজাতীয় গৌরব দিবস সুন্দরভাবে সম্পন্ন করতে সভাপতি অমলেন্দু দাস সবার সাহায্য ও সহযোগিতা কামনা করেন। প্রস্তুতি সভায় স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা বিশ্বজিৎ দেব। প্রস্তুতি সভায় যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায়কে চেয়ারম্যান করে একটি প্রস্তুতি কমিটি গঠন করা হয়েছে।

\*\*\*\*\*